

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৩২.০৫৭.১৯.১৪৪

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৬

১৭ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন বিশেষ কার্যক্রম এর আওতায় অর্থ বরাদ্দ প্রসঙ্গে।


সূত্র: তাঁর কার্যালয়ের স্মারক নং-৫১৬ তারিখ-০৬/০২/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন প্রাতিষ্ঠানিক কোড নং-১৪৮০২০১ এবং অপারেশন কোড নং-১২০০০২৬০৬ এর নিম্নোক্ত অর্থনৈতিক কোড নং ও খাতের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০১৯-২০২০ অর্থ বৎসরের জন্য নির্দেশক্রমে আপনার অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ দ্বারা গত অর্থ বছরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধ করা যেতে পারে:

- ১। কোড নং- ৩২৫৪১০৫-খাদ্য পরিবহন ব্যয় =১০,০০,০০০/- (দশ লাখ) টাকা
- ২। কোড নং- ৩২৫৪১০৬-খাদ্য খালাস ব্যয় =১২,০০,০০০/- (বার লাখ) টাকা।
- ৩। কোড নং- ৩২২১১১০-কমিশন =৫০,০০,০০০/- (পঞ্চাশ লাখ) টাকা।

বরাদ্দকৃত অর্থ সরকারি প্রচলিত আর্থিক বিধি বিধান অনুসরণ পূর্বক ব্যয় নির্বাহের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রতি মাসের প্রকৃত ব্যয়ের হিসাব পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষর করতঃ অবশ্যই প্রেরণ করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৭-২-২০২০

মোঃ সাহিদার রহমান  
সহকারী উপ-পরিচালক

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৩২.০৫৭.১৯.১৪৪/১

তারিখ: ৪ ফাল্গুন ১৪২৬

১৭ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। বরাদ্দ পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৩) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ।



১৭-২-২০২০

মোঃ সাহিদার রহমান  
সহকারী উপ-পরিচালক